

অতিব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



স্মারকনং-৩৫.০৩.০০০০.০০২.৫৮.০১১.২০-১৬

তারিখঃ ১৫-০২-২০২১খ্রিঃ।

জরুরি বিজ্ঞপ্তি

২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখে উপজেলা পরিষদের উপনির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত।


২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখে উপজেলা পরিষদের উপনির্বাচন অনুষ্ঠিত হবে (সংযুক্ত তালিকা)। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদের উপনির্বাচন (সংযুক্ত তালিকা) উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৭ ফেব্রুয়ারী ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(১) ট্রাক

(২) পিক আপ

০২। সে সাথে ২৬ ফেব্রুয়ারী ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৯ ফেব্রুয়ারী ২০২১ তারিখ সকাল ৬:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তীদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয় পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয় পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।


(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন: ৫৫০৪০৭২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৫৮.০১১.২০-২৭

তারিখঃ -০২-২০২১খ্রিঃ।

বিষয়ঃ ২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখে উপজেলা পরিষদের উপনির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত।


সূত্রঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং- ৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-১০৯

তারিখঃ ২৩/০২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখে উপজেলা পরিষদের উপনির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত ভোট গ্রহণের দিন এবং তার আগে ও পরের দিনে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে পত্র পাওয়া গেছে। উক্ত পত্রের আলোকে যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে যা এ অথরিটির ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তি ০২ (দুই) ফর্দ

জনাব শাহজাহান কবীর
সহকারী প্রোগ্রামার
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।



(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন:৫৫০৪০৭২২

স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৫৮.০১১.২০-

তারিখঃ -০২-২০২১খ্রিঃ।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ, ফরিদপুর, রাজশাহী, কুমিল্লা। (সড়ক ও মহাসড়ক বিভাগের ২৩.০২.২০২১খ্রিঃ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-১০৯ নং স্মারকের প্রদত্ত ক্ষমতা বলে নিষেধাজ্ঞা আরোপের অনুরোধসহ)।
- ২। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন:৫৫০৪০৭২২